



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationaboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৩৬/টাঃ/ (৮৫৩৭)

তারিখ: ২৮/১০/২৪

বিষয় : বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব সৈয়দ ফজলুল হক-কে স্বপদে পুর্ণবহাল প্রসঙ্গে।

- সূত্র :
- (১) ম্যানেজিং কমিটির সিদ্ধান্তসহ ২০/০৬/২০২৩ তারিখের আবেদন।
  - (২) জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল-এর ২৮/০৮/২০২৩ তারিখের তদন্ত প্রতিবেদন।
  - (৩) বোর্ডের ১৮/০৯/২০২৪ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির যাচাই বাছাই ও মতামত।
  - (৪) ১৮/০৯/২০২৪ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ের ভিত্তিতে ১৭/১০/২০২৪  
তারিখের ২৩২ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব সৈয়দ ফজলুল হক-এর চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগসমূহ বিস্তারিত আলোচনা, তদন্ত প্রতিবেদনের সুপারিশ ও তথ্য উপাত্ত বিশ্লেষণ করে বিগত ১৮/০৯/২০২৪ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় ম্যানেজিং কমিটি কর্তৃক তাঁর চূড়ান্ত বরখাস্তের বিষয়টি বিধিসম্মত নয় মর্মে প্রতীয়মান হয়েছে। উক্ত আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদান-সহ স্বপদে পুর্ণবহালের জন্য সুপারিশ করা হয়। বিগত ১৭/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত ২৩২-তম বোর্ড সভায় বিদ্যালয়টির প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব সৈয়দ ফজলুল হক-কে ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়ে গৃহীত সিদ্ধান্তটি বাতিল করে বকেয়া বেতন ভাতাদি প্রদান-সহ তাঁকে স্বপদে পুর্ণবহাল করার বিষয়টি অনুমোদন লাভ করে।

এমতাবস্থায়, পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব সৈয়দ ফজলুল হক-কে স্বপদে পুর্ণবহাল করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৯৬৬৯৮১৩

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি  
অঞ্চলী উচ্চ বিদ্যালয়  
চৌধুরী মালঞ্চ, সদর  
টাঙ্গাইল।

মেমো নং- (৮৫৩৭) (১০)

তারিখ: ২৫/১০/২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোত্তার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৬। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৭। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), অঞ্চলী উচ্চ বিদ্যালয়, চৌধুরী মালঞ্চ, সদর, টাঙ্গাইল।
- ৮। জনাব সৈয়দ ফজলুল হক, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), অঞ্চলী উচ্চ বিদ্যালয়, চৌধুরী মালঞ্চ, সদর, টাঙ্গাইল।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

স্বাক্ষরিত/  
সচিব ২৪/১০/২৪  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

29/10/2028